(একই নম্বর ও তারিখে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hajj.gov.bd

স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.০২.০০৬.২৪(অংশ)-৯৭৩

তারিখ : ১১ কার্তিক ১৪৩৩ / ২৭ অক্টোবর ২০২৬

বিষয় : **১৪৪৮ হিজরি/২০২৭ সনের হজ মৌসুমে হজযাত্রীর সৌদি পর্বের ব্যয়ের অর্থ IBAN হিসাবে প্রেরণের অনুমতি প্রদান**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজকীয় সৌদি সরকারের ঘোষিত রোডম্যাপ অনুযায়ী হিজরি ১৪৪৮/ ২০২৭ সনের হজে হজযাত্রীর নিবন্ধন কার্যক্রম ২৬/০৯/২০২৬ খ্রি. তারিখে শেষ হয়েছে। গত ২০২৬ সনের হজে বাংলাদেশ হতে ৭৮,৫০০ জন হজযাত্রী পবিত্র হজ পালন করেছিলেন। রাজকীয় সৌদি সরকার কর্তৃক ২০২৭ সনের হজে বাংলাদেশের জন্য ৭৮,৫০০ জনের কোটা বরাদ্দ প্রদান করে। তবে এ বছর এজেন্সিসমূহের চাহিদার প্রেক্ষিতে অতিরিক্ত কোটা বরাদ্দের জন্য ইতোমধ্যে পত্র প্রেরণ করা হয়েছে। অতিরিক্ত কোটার বরাদ্দ পাওয়া গেলে বাংলাদেশ হতে এ বছর প্রায় ৯৬,০০০ জন হজযাত্রী পবিত্র হজ পালন করবেন।

০২। উল্লেখ্য, নিবন্ধিত সকল হজযাত্রীর সৌদি পর্বের ব্যয়ের অর্থ সোনালী ব্যাংকের স্থানীয় কার্যালয় শাখা এবং রমনা কর্পোরেট শাখায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত নির্দিষ্ট ব্যাংক হিসাবের মাধ্যমে সৌদি আরবে প্রেরণ করতে হবে। এছাড়াও, বেসরকারি মাধ্যমে হজযাত্রীদের জন্য উন্নত প্যাকেজের হোটেল ভাড়া এবং মাশায়ের ও পরিবহন চুক্তির জন্য স্ব-স্ব হজ এজেন্সি কর্তৃক হজ কার্যক্রমে সংশ্লিষ্ট ব্যাংকসমূহের মাধ্যমে সৌদি আরবে তাদের IBAN হিসাবে সরাসরি অর্থ প্রেরণ করতে হবে।

০৩। হিজরি ১৪৪৮/ ২০২৭ সনের হজে রাজকীয় সৌদি সরকার ঘোষিত রোডম্যাপ অনুযায়ী হজযাত্রীগণের আবাসনের ব্যবস্থা গ্রহণ, মিনা-আরাফায় তাঁবু বুকিং নিশ্চিতকরণ, সার্ভিস কোম্পানির সাথে চুক্তি সম্পাদনসহ যাবতীয় ব্যয় নির্বাহের লক্ষ্যে নির্দিষ্ট সময়ের মধ্যে সৌদি পর্বের ব্যয়ের অর্থ জরুরি ভিত্তিতে প্রেরণ করা প্রয়োজন।

০৪। বর্ণিতাবস্থায়, সুষ্ঠু হজ ব্যবস্থাপনার স্বার্থে হিজরি ১৪৪৮/ ২০২৭ সনের হজে **সরকারি ও বেসরকারি মাধ্যমের** হজযাত্রীদের সৌদি পর্বের ব্যয়ের প্রয়োজনীয় অর্থ সোনালী ব্যাংকসহ হজ কার্যক্রমে সংশ্লিষ্ট ব্যাংকসমূহের মাধ্যমে সৌদি আরবে প্রেরণের অনুমতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, সরকার ঘোষিত ২০২৭ সনের হজ প্যাকেজ অনুযায়ী সৌদি পর্বের ব্যয় হজযাত্রী প্রতি সর্বোচ্চ ৪,৭০,০৯০.৪২ টাকা এবং সর্বনিম্ন ৩,৬২,৯১১.৮৬ টাকা। তবে বেসরকারি মাধ্যমে বিশেষ হজ প্যাকেজে সৌদি পর্বের ব্যয় হজযাত্রী প্রতি উল্লিখিত সর্বোচ্চ পরিমাণ অর্থের বেশি হবে।

০৪। **বিষয়টি অতীব জরুরি।**

29.10.2026
মোহাম্মদ সফিউজ্জামান ভুইয়া
উপসচিব
ফোন: +৮৮০২-৫৫১০১১১৯
e-mail: hajj_sec1@mora.gov.bd

গভর্নর
বাংলাদেশ ব্যাংক
মতিঝিল, ঢাকা

স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.০২.০০৬.২৪(অংশ)-৯৭৩

তারিখ : ১১ কার্তিক ১৪৩৩ / ২৭ অক্টোবর ২০২৬

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
৩. সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক পিএলসি, মতিঝিল, ঢাকা।
৫. মন্ত্রীর একান্ত সচিব (যুগ্মসচিব), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা
৭. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব
৮. সচিবের একান্ত সচিব (উপসচিব), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৯. প্রতিমন্ত্রীর একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
১০. ব্যবস্থাপনা পরিচালক, ... হজ কার্যক্রমে সম্পৃক্ত বাণিজ্যিক ব্যাংক, ঢাকা
১১. সিস্টেম এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (www.mora.gov.bd এ প্রকাশের অনুরোধসহ)
১২. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২, কাওরান বাজার, ঢাকা (www.hajj.gov.bd এ প্রকাশের অনুরোধসহ)
১৩. স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/অংশীদার, ... ২০২৭ সনের হজ কার্যক্রম পরিচালনাকারী সকল হজ এজেন্সি
১৪. অফিস কপি।

29.10.2026
মোহাম্মদ সফিউজ্জামান ভুইয়া
উপসচিব